যুগান্তর

৬/৯/২০০৫

তারিখ ...........
পৃষ্ঠা ১৩ কলাম ৬

# খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সংকট
## ডেকেও সিনিয়রদের আনা যায় না

খুলনা ব্যুরো

রাজধানীতে বেশি সুযোগ-সুবিধা পাওয়ার কারণে সিনিয়র শিক্ষকরা সন্ত্রাস, রাজনীতি ও সেশনজটমুক্ত খুলনা বিশ্ববিদ্যালয়ে আসতে চায় না। বারবার নিয়োগ বিজ্ঞপ্তি দিয়েও খুলনা বিশ্ববিদ্যালয় প্রয়োজনীয় শিক্ষক পাচ্ছে না। বিশ্ববিদ্যালয়ের ১৮০ জন শিক্ষকের মধ্যে ২৭টি পদ বর্তমানে শূন্য রয়েছে-এবং ৪৭ জন শিক্ষক শিক্ষা ছুটিতে রয়েছেন। ফলে শিক্ষক সংকটে ভুগছে খুলনা বিশ্ববিদ্যালয়।

সংশ্লিষ্ট সূত্র মতে, বিশ্ববিদ্যালয়ের এগ্রোটেকনোলজি ডিসিপ্লিনের ৪ জন, আর্কিটেকচার ডিসিপ্লিনের ১১ জন, বায়োটেকনোলজি ডিসিপ্লিনের ৪ জন, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ডিসিপ্লিনের ৫ জন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ৩ জন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ১ জন, এনভায়রনমেন্টালের ২ জন, ফিসারিজ অ্যান্ড মেরিন রিসোর্স টেকনোলজির ৪ জন, ফরেস্ট্রি অ্যান্ড উড টেকনোলজির ৬ জন, গণিতের ১ জন, ফার্মাসির ১ জন এবং আরবান ও রুরাল প্লানিংয়ের ৫ জন শিক্ষক শিক্ষা ছুটিতে রয়েছেন। এদের মধ্যে ২৩ জন সহকারী অধ্যাপক ও ২৪ জন প্রভাষক। এছাড়া কম্পিউটার সায়েন্সের ১ জন শিক্ষক সাধারণ ছুটিতে আছেন। এদিকে ৫ জন অধ্যাপক, ৫ জন সহকারী অধ্যাপক ও ১০ জন প্রভাষকের পদ শূন্য রয়েছে। এসব পদ পূরণের জন্য সর্বশেষ গত ১২ আগস্ট নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। আবেদনের শেষ তারিখ আগামী ১০ সেপ্টেম্বর। এর আগেও এসব পদ পূরণের জন্য ২/৩ বার নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়েছিল।

খুলনা বিশ্ববিদ্যালয়ের রিজিস্ট্রার (চলতি দায়িত্ব) গাজী আব্দুল্লাহেল বাকী জানান, সিনিয়র শিক্ষকরা অধিকাংশই রাজধানীকেন্দ্রিক। তারা ঢাকায় একই সঙ্গে ২/৩টি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার পাশাপাশি এনজিওতে চাকরিসহ ইংলিশ মিডিয়াম স্কুলে পড়াতে পারেন। যোগদান করতে পারেন বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে। আর বড় বিশ্ববিদ্যালয় ছেড়েও তারা আসতে চায় না। ঢাকায় থাকলে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য বিদেশে যেতেও সুবিধা হয়। সে কারণে নিয়োগ বিজ্ঞপ্তি দিয়েও সিনিয়র শিক্ষক পাওয়া যায় না। খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি জাফর রেজা খান বলেন, বদলিকৃত চাকরি না হওয়ায় সিনিয়র শিক্ষকরা অন্য বিশ্ববিদ্যালয় থেকে চাকরি ছেড়ে আসতে চায় না। এ বিশ্ববিদ্যালয়ে ২৫ বছর চাকরির বয়স না হলে পেনশন পাওয়া যায় না। চাকরি ছেড়ে আসাও ঝামেলার ব্যাপার। কয়েকজন সিনিয়র শিক্ষককে নিয়োগদানের পরও তারা আসেননি, তাদের ডেকেও আনা যায়নি।